

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, অক্টোবর ৩০, ২০০০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বাণিজ্য মন্ত্রণালয়

আদেশ

তারিখ, ২৫শে অক্টোবর ২০০০/১০ই কার্তিক ১৪০৭

এস, আর, ও নং ৩২৪- আইন/২০০০।— Imports and Exports (Control) Act, 1950 (XXXIX of 1950) এর section 3(1) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার আমদানি নীতি আদেশ ১৯৯৭—২০০২ এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা :—

উপরিউক্ত আদেশ-এর পরিশিষ্ট ১-এর (খ) অংশে বর্ণিত টেবিলের কলাম (১) এ উল্লিখিত এইচ এস হেডিং নং ২৭.০১ হইতে ২৭.০৪ এর বিপরীতে কলাম ৪ এ উল্লিখিত এন্ট্রিতে "গুণগতমান যথাযথ রহিয়াছে" শব্দগুলির পরিবর্তে "গুণগতমান যথাযথ রহিয়াছে এবং পণ্যে সালফারের পরিমাণ ১% (শতকরা একভাগ) এর অধিক নাই।" শব্দগুলি, সংখ্যা, বন্ধনী এবং দাড়ি প্রতিস্থাপিত হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

মোঃ ফজলুর রহমান

উপ-সচিব।

মোঃ আবদুল করিম সরকার (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনী অফিস,

তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।

(৪২৭৩)

মূল্য : টাকা ১.০০